

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০০৪.১৮-৭৭

তারিখ: ৪ চৈত্র ১৪২৫

১৮ মার্চ ২০১৯

বিষয়: গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন গাড়ারন খলিলিয়া বহুমুখী ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: আব্দুল খালেক এর এমপিওভুক্তির বিষয়ে আইনগত মতামত প্রদান প্রসঙ্গে।

- সূত্র: (১) মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৭৪৪৭/২০১৪ মামলার রায় তারিখ: ০৭.০৬.২০১৬ খ্রি:।
(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-১জি/৭৮৮বি:/২০১২/১৬৯/০৬/বিশেষ তারিখ: ১২.০১.২০১৭ খ্রি:।
(৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-১জি/৭৮৮বি:/১২/ তারিখ: ০৯.০৮.২০১৭ খ্রি:।
(৪) মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-২০১৬/২০১৭ মামলার রায় তারিখ: ১০.০১.২০১৮ খ্রি:।
(৫) গাড়ারন খলিলিয়া বহুমুখী ফাজিল মাদ্রাসার স্মারক নং-গাখফামা/২০১৮/প্রশা/৪০১(১) তারিখ: ০৮.০৭.২০১৮ খ্রি:।
(৬) উপ-পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা এর স্মারক নং-
ঢাঅ/বেসর/গাজীপুর/২০৬/১৩৩৬-এ তারিখ: ০৪.০৩.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন গাড়ারন খলিলিয়া বহুমুখী ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: আব্দুল খালেক এর নিয়োগের বিরুদ্ধে জনাব এ.কে.এম আসাদুল্লাহ কর্তৃক মহামান্য হাইকোর্টে একটি রিট পিটিশন মামলা দায়ের করা হয় যার নং-৭৪৪৭/১৪।

০২. বর্ণিত রিট পিটিশন মামলায় ০৭.০৬.২০১৬ খ্রি: তারিখে নিম্নরূপ রায় প্রদান করা হয়:

“We have heard the learned Advocate for the petitioner. Since the petitioner is not interested in prosecuting with the Rule, the Rule is discharged for non prosecution. The interim order of stay granted earlier by this court is hereby recalled and vacated.”

০৩. মহামান্য হাইকোর্ট কর্তৃক উপরোক্ত রায় ঘোষনার পর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক সূত্রে বর্ণিত ০২ নং স্মারকের মাধ্যমে গাড়ারন খলিলিয়া বহুমুখী ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ পদে জনাব মো: আব্দুল খালেক ও উপাধ্যক্ষ পদে জনাব মো: শফিকুল ইসলামকে এমপিওভুক্তির জন্য নির্দেশনা দেয়া হয়।

০৪. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক উপরোক্ত নির্দেশনা প্রদানের পর উক্ত নির্দেশনামূলক পত্রটিকে চ্যালেঞ্জ করে একই ব্যক্তি অর্থাৎ জনাব মো: আসাদুল্লাহ কর্তৃক মহামান্য হাইকোর্টে অপর একটি রিট পিটিশন মামলা দায়ের করা হয় যার নং-২০১৬/২০১৭।

০৫. উক্ত রিট পিটিশন নং-২০১৬/২০১৭ মামলায় ১০.০১.২০১৮ খ্রি: তারিখে নিম্নরূপ রায় প্রদান করা হয়:

“In the facts and circumstances of this case, we are of the view that the

Rule is devoid of any merit and is liable to be discharged. Accordingly, the Rule is discharged. The earlier order of stay granted at the time of issuance of the Rule is hereby recalled and vacate. No order as to costs."

০৬. যেহেতু বর্ণিত অধ্যক্ষ জনাব মো: আব্দুল খালেককে এমপিওভুক্ত করার জন্য ১২.০১.২০১৭ খ্রি: তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্দেশনা দেয়া হয়েছিল এবং যেহেতু উক্ত নির্দেশনাকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন মামলা দায়ের হয়েছিল এবং যেহেতু উক্ত রিট পিটিশন মামলার ১০.০১.২০১৮ খ্রি: তারিখে পিটিশনারের পিটিশনটি খারিজ করে দেয়া হয়েছে সেহেতু বর্তমানে বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: আব্দুল খালেক এর এমপিওভুক্ত হতে আইনগত কোন প্রতীবন্ধকতা নেই মর্মে প্রতীয়মান হয়।

০৭. এমতাবস্থায়, গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন গাড়ারন খলিলিয়া বহুমুখী ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: আব্দুল খালেক এর এমপিওভুক্তির বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৯-৩-২০১৯

নাজনীন সুলতানা
সহকারী পরিচালক

✓ উপ-পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৫.০২.০০১.১৮- /১

তারিখ: ৪ চৈত্র ১৪২৫
১৮ মার্চ ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ২) অধ্যক্ষ, জনাব মো: আব্দুল খালেক, গাড়ারন খলিলিয়া বহুমুখী ফাজিল মাদ্রাসা, ডাকঘর: ও উপজেলা: শ্রীপুর, জেলা: গাজীপুর।
- ৩) অফিস কপি।



১৯-৩-২০১৯

নাজনীন সুলতানা
সহকারী পরিচালক